## জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি'র সেপ্টেম্বর-২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সিফাত মেহনাজ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম |
| সভার তারিখ | : | ২৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. |
| সভার সময় | : | বিকেল ৪:০০ ঘটিকা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, এ জেলায় মোট ২০ টি প্রকল্পের কাজ চলমান। তন্মধ্যে Integrated Community Based Primary Health Care Model Preject এর আওতায় ৭৩ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৯,৫৯৪ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। Friend EPI Support Program এর মাধ্যমে ১২০ টি ইপিআই সেশনে ৩,৭৫৫ জন শিশু ও ৭৭১ জন নারীকে সেবা দেয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকল্পের আওতায় ২৯২ জনকে ভায়া চেকআপ করা হয়েছে, ৪০ টি লিগ্যাল বুথের মাধ্যমে শিশু ও নারী অধিকার, মানবাধিকার, যৌতুক, বাল্যবিবাহসহ বিভিন্ন বিষয়ে সামাজিক সচেতনতা কার্যক্রম চলমার রয়েছে, ৪২ টি উন্নত মানের পেয়ারা গাছ রোপন করা হয়েছে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী (ফ্রেন্ডশিপ বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী) মাহবুবুর রহমানকে উচ্চ শিক্ষা চালিয়ে যেতে মাসিক ৪,০০০ টাকা উপবৃত্তি প্রদান করা হচ্ছে। এছাড়াও এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সকল কার্যক্রম বাস্তবায়নে ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট এনজিও |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা ফলপ্রসূ করার উপর সভাপতি গুরুত্বরোপ করেন। উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণসহ প্রত্যেক এনজিও কর্তৃক এফ ডি-৬ দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিশেষত কোনও প্রকল্প আরম্ভ করার সময় স্থানীয় প্রশাসনকে অবহিতকরণ/কর্মশালা আয়োজন করা হয়ে অংশীজন প্রকল্পটি সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করতে সক্ষম হন। এনজিওসমূহের প্রকল্প সমাপনী প্রত্যয়নের ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বিবরণী প্রত্যয়ন আবেদনে সংযুক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ১। সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>২। উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করতে হবে।<br>৩। নতুন প্রকল্প শুরু করার ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।<br>৪। প্রকল্প সমাপনান্তে প্রত্যয়ন আবেদনে ব্যয় বিবরণী সংযুক্ত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। সকল এনজিও |
| ০৩ | সভাপতি এনজিওসমূহকে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এসময় তিনি আরো বলেন যে, প্রতিবন্ধীদের ডিভাইস দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করা এবং শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। এনজিওসমূহকে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে কাজ করতে হবে।<br>২। প্রতিবন্ধীদের মাঝে ডিভাইস বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করতে হবে। | সকল এনজিও |
| ০৪ | কোনও কৃষি জমি অনাবাদি না রেখে শাক-সবজিসহ বিভিন্ন ফসল উৎপাদনে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে সচেতনতামূলক প্রচারণা জোরদারের বিষয়ে সভায় আলোচনা হয়। | কোনও কৃষি জমি যাতে অনাবাদি না থাকে এ বিষয়ে সকল এনজিওকে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও |

চলমান পাতা-০২

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত সকল সংস্থা কর্তৃক নির্ধারিত বার্ষিক ফি সোনালী ব্যাংক পিএলসি, কুড়িগ্রাম শাখায় আগামী ১০ কার্যদিবসের মধ্যে চলতি হিসাব নং-৩৩০১৪০২৪ এ জমা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি নিয়মিতভাবে জমা প্রদান করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৬ | বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবেলা ও প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে সরকারি বিভিন্ন বিভাগের পাশাপাশি বেসরকারি সংস্থা এনজিওসমূহ কর্তৃক উপকারভোগীদের মাঝে বিভিন্ন ধরনের ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | সকল বেসরকারি সংস্থা এনজিওসমূহ কর্তৃক দুর্যোগ মোকাবিলায় উপকারভোগীদের মাঝে ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৭ | সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত এড্রেসে (ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করার জন্য সভায় আলোচনা করা হয়। | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন (ই-মেইল: acgenkurigram @mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করতে হবে। | সকল এনজিও |
| ০৮ | কুড়িগ্রাম জেলায় শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন/অর্জনের জন্য সকল এনজিওকে অগ্রণী ভূমিকা পালনসহ সুপেয় পানির অভাব পূরণের বিষয়ে কার্যক্রম বেগবান করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন এবং বন্যার সময় সুপেয় পানির অভাব পূরণের লক্ষ্যে সকল এনজিওকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ০৯ | বিভিন্ন এনজিওর উপকারভোগীদের ছেলে/মেয়েরা যাতে নিয়মিতভাবে স্কুলে যায় সে জন্য তাদেরকে সচেতন করার জন্য অনুরোধ জানানো হয়। যেহেতু বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার জন্য সকল এনজিও/সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও উপকারভোগীদের ছেলে/মেয়েরা যেন নিয়মিতভাবে স্কুলে যায় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির জন্য জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর দৃশ্যমান ও কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জন্ম এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গতিশীল করতে হবে। | সকল এনজিও |
| ১১ | আরডিআরএস, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতাসমূহ ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়। | পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। | আরডিআরএস, কুড়িগ্রাম |
| ১২ | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সংশ্লিষ্ট সকল এনজিও নিয়মিত অংশগ্রহণ করবেন। জেলা ও উপজেলা থেকে এনজিওর সার্বিক কার্যক্রম আরো ফলপ্রসূ করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে অবহিতকরণ ও তদারকির আহ্বান জানাতে হবে মর্মে সভায় সভাপতি গুরুত্বারোপ করেন। | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সকল এনজিওসমূহের নিয়মিত অংশগ্রহণ করতে হবে এবং এনজিওর সার্বিক কার্যক্রম ফলপ্রসূ করার জন্য সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে তদারকি করতে হবে। | সকল এনজিও |
| ১৩ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করবেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল এনজিও |
| ১৪ | সভাপতি টাইফয়েড কনজুগেট ভ্যাক্সিন (টিসিভি) রেজিস্ট্রেশন করার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল এনজিওকে প্রয়োজনীয় সচেতনতা কার্যক্রম (যেমন: মাইকিং, লিফটেল বিতরণ ইত্যাদি) পরিচালনা করার অনুরোধ জানান। | টাইফয়েড কনজুগেট ভ্যাক্সিন (টিসিভি) রেজিস্ট্রেশন করার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে। | সকল এনজিও |

চলমান পাতা-০৩

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৫ | সভাপতি চরাঞ্চলে শিক্ষার উন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে সংশ্লিষ্ট এনজিও প্রধানগণকে সভায় অনুরোধ করেন। তিনি সভায় আরও জানান যে, স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন নিশ্চিত হবে। তাছাড়া, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটলে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে। ফলে অবহেলিত পিছিয়ে পড়া জনপদ SDG goal-9 এ উল্লিখিত অন্তর্ভূক্তিমূলক উন্নয়নের মূলধারায় যুক্ত হবে এবং শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া জনপদের উন্নয়ন নিশ্চিতকল্পে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বিভিন্ন চরের কার্যক্রম সম্প্রসারণ করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। সভায় সম্প্রতি চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করার করার জন্য সংশ্লিষ্ট এনজিওদের নির্দেশনা প্রদান করেন। শতবছরের অবহেলিত পিছিয়ে পরা চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। চরাঞ্চলে শিক্ষার উন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে হবে।<br>২। স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন সার্বিকভাবে প্রতিষ্ঠিত করতে হবে।<br>৩। সম্প্রতি চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করতে হবে।<br>৪। চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ |

০২। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিওসমূহ কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি:

১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন- ০৬ (ছয়) পাতা।

২৫/০৯/২০২৫

(সিফাত মেহনাজ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২- ৫৪৬

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩২
২৫ সেপ্টেম্বর, ২০২৫

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম
৫. ................................., কুড়িগ্রাম

২৫/০৯/২০২৫

(প্রিতম কুন্ডু)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

**এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন:**

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রাম | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান আগস্ট-২০২৫ মাসে কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিবিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যয়নরত ১০৪ জনকে শিক্ষা সহায়তা (কাগজ, কলম, রাবার, খাতাসহ অন্যান্য) উপকরণ প্রদান করা হয়। কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যয়নরত ৮২ জন কিশোরী এবং ৪৯ জন কিশোরসহ মোট ১৩১ জনকে শিক্ষা সহায়তা (কাগজ, কলম, রাবার, খাতাসহ অন্যান্য) উপকরণ প্রদান করা হয়। কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় একটি এবং কুড়িগ্রাম সদর উপজেলার পৌরসভায় একটিসহ মোট ২টি কিশোরী কিশোর ক্লাবের কার্যক্রম নিয়মিত অব্যাহত রয়েছে। এছাড়াও, স্কুল শুরুর পূর্বে কোচিং সেবা কার্যক্রম পরিচালনা করা হয়। |
| ২ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্ত্বাবধানে ০৮টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পসমূহ হলো: ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের ৩টি উপজেলায় ২৬টি ইউনিয়নে বিভিন্ন কাজ চলমান রয়েছে। ২. Provati GALS Project প্রকল্পের ৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৪,৩২০ জন ও ২,৫৩৬ জন ৩. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের ৩টি উপজেলায় ০৯টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ৩,০০০ জন ৪. Community Support Inclusive Equitable Education Across School in Kurigram District প্রকল্পের কুড়িগ্রাম সদরের ৫টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৫,৬৮৮ জন ৫. Empowering Children throw Education (FCE) Project প্রকল্পে রাজারহাট উপজেলায় ০৭টি ইউনিয়নে শিক্ষার্থীর সংখ্যা ৮,৭২৭ জন ৬. Kurigram Dairy Value Chain Project প্রকল্পের কুড়িগ্রাম সদর ও ফুলবাড়ী উপজেলার সকল ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৩০ জন ৭. PROVAT 3-Vocational প্রকল্পে ৯টি উপজেলার সকল ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৬,৪২০ জন ও Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) ২টি উপজেলার ০৪টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ২৩,৪৭৭ জন এবং ৮. MF (Micro Finance) ৩টি উপজেলায় ৯টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৭,১২৭ জন সদস্য ও ৯৫৩২ জন ঋণী সদস্য অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট- (সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের স্ব-সহায়ক দলের ৪টি সভা করা হয়। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান। |
| ৪ | মানসিকা, কুড়িগ্রাম | মানসিকা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় বর্তমানে ১৫ টি কর্মসূচি চলমান। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুশাসন নিশ্চিতকরণের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের মাধ্যমে ২০০০ জন উপকারভোগী এবং বন্যা কবলিত এলাকায় বিশুদ্ধ খাবার পানি সরবরাহ জন্য দ্বিগুণ প্লাটফর্ম বিশিষ্ট টিউবওয়েল কর্মসূচির আওতায় ১০০০ জন উপকারভোগীসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সহায়তামূলক সেবা কার্যক্রম চলমান। |
| ৫ | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন সমবায়ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন, যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছা সেবা কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। তিনি আরও জানান 'Intervention for supporting the public health system in GNB communities (ISPHS)' প্রজেক্টের আওতায় 'স্বাস্থ্য কার্যক্রম' নামে একটি প্রকল্প চলমান। আগস্ট-২০২৫ মাসে প্রকল্পটির আওতায় ১৮ জন শিশুর মাঝে ৭৪,৬৫৭ টাকা দিয়ে প্রত্যেক শিশুকে তাদের প্রয়োজন মোতাবেক উপহার সামগ্রী বিতরণ, ১,৪৯৩ জন শিশুকে শিক্ষা উপকরণ হিসেবে ৫টি করে খাতা ও ৬ টি করে কলম বিতরণ, ১৭০ জন স্পন্সর শিশুকে হেলথ্ চেক আপ ১,৪৯৩ জনন শিশুর মাঝে ২ টি করে লিচু, ১ টি করে আম ও সুপারি গাছসহ মোট ৫,৯৭২ টি চারা বিতরণ করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৬ | ওয়ার্ল্ড ভিশন, কুড়িগ্রাম | ওয়ার্ল্ড ভিশন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান, কুড়িগ্রাম সদর উপজেলায় নর্দান বাংলাদেশ রিজিওনাল ইনটিগ্রিটি কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, ফেইজ-২ প্রকল্প চলমান। এ প্রকল্পের আওতায় হতদরিদ্র ও দরিদ্র পরিবার, দুর্দশাগ্রস্থ শিশু, প্রতিবন্ধী শিশু, অপুষ্ট শিশু গর্ভবতী ও দুগ্ধদানদকারী মা উপকারভোগী হবেন। আগস্ট থেকে সেপ্টেম্বর-২০২৫ মাসে কর্ম এলাকায় ৫ বছরের নিচে শিশুদের নিয়ে গ্রোথ মনিটরিং সেশন পরিচালনা করা হয় যেখানে উপকারভোগী ১৩২৭ জন। ৫ বছরের নিচে শিশুদের মায়েদের নিয়ে স্বাস্থ্য, পুষ্টি বিষয়ে সেশন পরিচালনা করা হয় যেখানে উপকারভোগী ৩২০ জন। এছাড়াও কর্ম এলাকায় উপকারভোগীদের নিয়ে বিভিন্ন বিষয়ে সভার আয়োজন করা হয়েছে। |

চলমান পাতা-০২

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ৭ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রাম | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় মোট ০২ টি প্রকল্প চলমান। তনন্মধ্যে কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় "দারিদ্র্য বিমোচন এবং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ প্রকল্প" নামে ১ টি প্রকল্প চলমান। যার চলতি মাসে অগ্রগতি ৫৪.৪৬%। এবং Reducing Vulnerability, Improvement Liveihood and Disaster Preparedness of the most at Risk Community in Flood-Prone Bangladesh নামে একটি প্রকলপ চলমান। যার চলতি মাসে অগ্রগতি ৭%। তিনি আরও জানান যে, AC-6 প্রজেক্টের আওতায় ৩০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে জনকে সহায়ক উপকরণ বিতরণ করা হয়।, ৭০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে পুনর্বাসন সেবা ও ফলোআপ সেবা প্রদান করা হয়েছে। ৬০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে নিয়ে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত মোবাইল ক্যাম্পের মাধ্যমে প্রয়োজনীয় রিহ্যাবিলিটেশন সেবা (ফিজিও থেরাপি ও কাউন্সেলিং) নিশ্চিত করা হয়। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৮ | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় সেপ্টেম্বর-২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এসময় তিনি জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম চিলমারী ও উলিপুর উপজেলায় চলমান রয়েছে। চিলমারী উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ে ২৪৬ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ৩২০ জন শিক্ষার্থীদের অধ্যয়ন কার্যক্রম দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। অপরদিকে উলিপুর উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ে ২০৪ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৪৬ জন শিক্ষার্থীদের অধ্যয়ন কার্যক্রম দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উভয় উপজেলায় ২০টি কম্পিউটারবিশিষ্ট ল্যাবে মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদেরকে পোল্ট্রি, ফিসারী, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, কৃষি ও মানসিক উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়াও, সাধারণ চিকিৎসা সেবা ২,১৩০ জনকে চিকিৎসাসেবা প্রদান |
| ৯ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার সভায় জানান, কুড়িগ্রাম জেলায় ৬,০০০ উপকারভোগীর মাঝে ১৮,০০০ টি ফলের চারা বিতরণ পরবর্তী ফলো আপ কার্যক্রম চলমান রয়েছে। । ২৪০টি স্ব-নির্ভর দলের ৬০০০ জন উপকারভোগীদের উঠান বৈঠকের মাধ্যমে নারী অধিকার, শিশু অধিকার, শিশু নির্যাতন বন্ধ বিষয়ে সচেতন করা হয়। তিনি আরও জানান ১০৫০ জন নারী, পুরুষ ও কিশোর-কিশোরী এর অংশগ্রহণে ১১টি দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক কমিউনিটি সভা অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়াও পরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রমের কাজ চলমান রয়েছে। |
| ১০ | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলায় একশনএইড বাংলাদেশ এর সহযোগিতায় ওমেন ইনিশিয়াটিভস ফর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট বাস্তবায়ন করছে। তিনি আরও জানান সেপ্টেম্বর-২০২৫ মাসে (১) ২০জন মেয়েশিশু ও নারীকে উদ্যোক্তা তৈরীতে সহায়তা করতে ১৫ দিনব্যাপী সেলাই প্রশিক্ষণ প্রদান, (২) বাল্যবিবাহ প্রতিরোধ ও মেয়েশিশুদের লেখাপড়ায় উৎসাহিত করতে ১০জন ছাত্রীকে ত্রিশ হাজার টাকা শিক্ষাবৃত্তি প্রদান, (৩) ঝরেপড়া রোধে ১০জন ছাত্রীকে এক লক্ষ টাকা এককালিন অনুদান প্রদান, (৪) দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে ১০জন ছাত্রীকে এককালিন অর্থ সহায়তা, (৫) জরুরী পরিস্থিতিতে আশ্রয়কেন্দ্রে নারীবান্ধব পরিবেশ বজায় রাখতে দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সংলাপ অনুষ্ঠিত হয়েছে, (৬) নদীভাঙ্গন রোধ ও স্থায়ী বেড়িবাঁধ নির্মাণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম এর সাথে অ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়েছে। (৭) জলবায়ু সহনশীল বিষয়ে সচেতনতা তৈরীতে ১২০ জন মেয়েশিশু ও নারীকে দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং শাক-সবজির বীজ বিতরণ করা হয়েছে। |
| ১১ | সেন্টার ফর সোস্যাল ডেভলপম্যান্ট- (সিএসডিকে) | সিএসডিকে, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলায় মোট ৫ টি প্রকল্প চলমান। (১) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি), (২) প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষধ বিতরণ প্রোগ্রাম, (৩) চর উদ্যোগ প্রকল্প, (৪) বিনামূল্যে অপারেশন প্রকল্প, (৫) গ্রামীণ অর্থনীতিতে ছাগল পালন ও বিতরণ কর্মসূচি। সেপ্টেম্বর-২০২৫ মাসে চর উদ্দোগ প্রকল্পের আওতায় চর রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নে ১০ টি পরিবারের মাঝে ছাগল বিতরণ এবং রৌমারীর উপজেলার চর ফুলুয়ার গ্রামে ১০ টি পরিবারের মাঝে ছাগল বিতরণ করা হয়, প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষুধ বিতরণ প্রোগ্রামে প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২৮,০০০ জন। ভালনারেবল উইমেন বেনিফিট উপকারভোগীর সংখ্যা ২,৪৩৬ জন। আগস্ট-২০২৫ মাসে বাগুয়ার চর ও বাইটকামারী গ্রামের ১২ টি পরিবারে ২৪ টি ছাগল বিতরণ করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার |

অন্যান্য কার্যক্রম চলমান আছে।

চলমান পাতা-০৩

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১২ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় ব্র্যাকের ০৯ (নয়) টি কর্মসূচি চলমান রয়েছে। ১. মাইক্রোফিন্যান্স কর্মসূচি, ২. ব্র্যাক শিক্ষা কর্মসূচি, ৩. ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি, ৪. সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচি, ৫. অতিদরিদ্র কর্মসূচি, ৬. জেন্ডার জাস্টিস ও ডাইভারসিটি, ৭. এসডিপি, ৮. জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি এবং ৯. সমন্বিত উন্নয়ন কর্মসূচি। তিনি আরো জানান যে, ২৪০ টি স্কুলের মাধ্যমে ৬,০০০ জন শিক্ষার্থী নিয়ে সমগ্র জেলাজুড়ে ব্র্যাক শিক্ষা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচির আওতায় সমগ্র জেলাজুড়ে দরিদ্র নবজাতক, মা ও শিশুর স্বাস্থ্য উন্নয়ন ও শিশু মৃত্যুহার কমানোর লক্ষ্যে ২৯, ৩২০ টি খানা পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তিনি আরো যোগ করেন, সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচির আওতায় ১৭ টি অভিযোগ গ্রহণ করা হয়েছে। জেন্ডার জাস্টিস ও ডাইভারসিটি কর্মসূচির আওতায় ৩০ জন অংশগ্রহণকারীকে নিয়ে ৩ টি ব্যাচে জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসডিপি কর্মসূচির আওতায় কুড়িগ্রাম সদর এবং ভূরুঙ্গামারী উপজেলায় FGD এর মাধ্যমে ৬০ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে ৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। |
| ১৩ | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, আগস্ট-২০২৫ মাসে নিমবাগান পাড়া কমিটির সংগঠকদের নিয়ে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও তরুণীদের নিয়ে পাঠচক্র করা হয় এবং পাঠচক্রে "নারী আন্দোলন" বিষয় নিয়ে আলোচনা করা হয়। বিভিন্ন শ্রেণী পেশার নারী ও পুরুষদের নিয়ে মতবিনিময় সভা করা হয়। নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে মতবিনিময় সভা, উত্যক্তকরণ ও যৌননিপীড়ণ বন্ধে নারী ও তরুণীদের সাথে মতবিনিময় সভা। বিমান দুর্ঘটনায় মাইলস্টোন স্কুল এ্যান্ড কলেজের শিক্ষার্থী সহ সকলের মর্মান্তিক হতাহতের ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ কুড়িগ্রাম জেলা শাখার আয়োজনে শোক র‍্যালি অনুষ্ঠিত হয়। তৃণমূলে নারী ও কন্যার প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষে ৪৫ জন নারী ও তরুনী সদস্যদের সাথে মতবিনিময় সভা করা হয়। লিগ্যাল এইড অভিযোগ ২ টি গ্রহন করা হয় ১ টি সালিশ বৈঠক অনুষ্ঠিত হয় এবং আইনী পরামর্শ ২ জন কে দেয়া হয়। |
| ১৪ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার ০৬টি উপজেলায় (কুড়িগ্রাম সদর, রাজারহাট, উলিপুর, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর ( চাইল্ড, নট ব্রাইড (সিএনবি) প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হলো কুড়িগ্রাম জেলায় বাল্য বিবাহ কমিয়ে আনা। প্রকল্পটির পক্ষ থেকে প্রকল্পে অংশগ্রহণকারীদের জন্য দীর্ঘ ৪৫ দিন ব্যাপী সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও স্থানীয় একটি বেসরকারী প্রতিষ্ঠানে বিভিন্ন ট্রেডে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে যেখানে ৫০ জন অংশগ্রহণকারী অংশ নিচ্ছেন। উক্ত প্রশিক্ষণের সমাপনী কোর্স হিসেবে "কাজের প্রস্তুতি গ্রহণ ও মৌলিক জীবনদক্ষতা" বিষয়ক দিনব্যাপি একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। তিনি আরও জানান দুর্যোকালীন সহায়তা ও ত্রাণ সরবরাহ, শিশু ও মায়েদের জন্য সচেতনা সেশন, যুব ও মহিলাদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন ছাড়াও বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে আরডিআরএস। |
| ১৫ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থাটি কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করে আসছে। এ জেলার রাজারহাট, উলিপুর, রৌমারী, চর রাজিবপুর, ভূরুঙ্গামারী ও চিলমারী ৬টি উপজেলায় তাদের কার্যক্রম চলমান। প্রকল্পসমূহ হলো: (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK) (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের উপকারভোগীর সংখ্যা ১২,৬০০ জন, শিক্ষা কেন্দ্র/শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২,৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা বই বিতরণ ৪৫০ সেট, বেজলাইন ডাটা এন্ট্রি ওরিয়েন্টেশন ২টি, উঠান বৈঠক ২০টি এবং ৬টি উপজেলায় সচেতনতামূলক মাইকিং করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৬ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান তার প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব অর্থায়নে প্রাথমিক শিক্ষা, উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, সুপারী নার্সারী ও মৎস্য চাষ প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, সচেতনতা কার্যক্রমের আওতায় দুর্যোগ পুর্ব ও পরবর্তী সচেতনতামূলক ০২ টি প্রশিক্ষণ উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৭ | টেরেডেস হোমস্ হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় Sport for Protection, Resilence and Transformation (SpiRit) নামে একটি প্রকল্প চলমান। তিনি জানান ২০২৫-২৬ অর্থবছরে আগস্ট, ২০২৫ মাসে ১২ টি ইউনিয়নে ১৬৮ টি দলের মাধ্যমে ২,৫২০ জন উপকারভোগী নির্বাচন করা হয়েছে। এ প্রকল্পে লক্ষিত উপকারভোগী ৭,৫৬০ হন। |

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১৮ | ফুল, কুড়িগ্রাম | ফুল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান অত্র কুড়িগ্রাম জেলায় ২০১৪ সাল থেকে শিক্ষা, স্বাস্থ্য ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন নিয়ে কাজ করে আসছে। সেপ্টেম্বর-২৫ মাসে কুড়িগ্রাম জেলাধীন নাগেশ্বরী, উপজেলার রায়গঞ্জ ইউনিয়নের প্রত্যন্ত চর অঞ্চলে ১ টি ১০০ টাকার মেডিকেল ক্যাম্প পরিচালনা করে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা ৪০ জনকে চিকিৎসা পরামর্শ ও মেডিকেল চেকআপ সেবা প্রদান করা হয়। ইহা ছাড়াও জনস্বাস্থ্য ডায়াগনস্টিক (১০ টাকার হাসপাতাল) এর মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা ৮০ জন দরিদ্র রোগীকে মাত্র ১০ টাকা ভিজিটে চিকিৎসা পরামর্শ প্রদান করা হয়। স্বল্প মূল্যে ৬৮ জন দরিদ্র রোগীর রোগ নির্ণয় করা হয় । ফুলবাড়ী ও ভূরুঙ্গামারী উপজেলার ৩৪ টি কিন্ডারগার্টেন স্কুলের ৩৪ জন শিক্ষককে শ্রেণি পাঠদান প্রশিক্ষণ প্রদান করা হয়। নিয়োমিত উঠান বৈঠকের মাধ্যমে ১৫০ জন নারী পুরুষ কে স্বাস্থ্য-শিক্ষা বিষয়ক সচেতন করা হয়। নাগেশ্বরী উপজেলার ২০ টি স্কুলের প্রধান শিক্ষককে শিক্ষার মান উন্নয়ন বিষয়ক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। ১৫ টি ধুমপানমুক্ত পরিবারকে খুজে বের করে ধন্যবাদ জানানোর পাশাপাশি অভিনন্দন প্রদান বিষয়ক সাইনবোর্ড বাড়ির উঠানে সাটিয়ে দেয়া হয়। |
| ১৯ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে, বর্তমানে নারীর ক্ষমতায়ন ও বাইসাইকেল প্রদান কার্যক্রম, চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পসহ মোট ৬টি প্রকলপ চলমান রয়েছে। চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পে এ জেলার ৯টি উপজেলায় ১৪৪ টি দলে ৩৫০ টি মিটিং সম্পন্ন হয়েছে। এই প্রকল্পে ৯৮১ জন উপকারভোগীর মাঝে ৬৩,০৭,০০০ টাকার ছাগল/ভেড়া পালন, ক্লাইমেট স্মার্ট ধান ও সবজি চাষের উপর এককালীন অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২০ | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, আগস্ট-২০২৫ মাসে কুড়িগ্রাম জেলায় ডিজিটাল লেনদেন ৭,৪১২ টি হয়েছে। ১৩ টি পরিবারের মাঝে ১৩ টি স্মার্ট ফোন প্রদান করাসহ দারিদ্র্য বিমোচন এবং জীবন যাত্রার মানোন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। আগস্ট, ২০২৫ মাসে ৬,৩৫,২৯৫ টাকা রেমিটেন্স প্রদান করা হয়েছে। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ পানি ও পয়ঃনিষ্কাশন দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি প্রদান করা হয়। |
| ২১ | আশা, কুড়িগ্রাম | আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, রাজারহাট, উলিপুর ও চিলমারী উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও, জেলায় সিজারিয়ান ডেলিভারী, জরায়ু টিউমার অপারেশন, চোখের ছানি অপারেশন, ব্রেষ্ট টিউমার অপারেশন, হাত-পা ভাঙ্গার ক্ষেত্রে অপারেশন, ব্রেন টিউমার, যে কোন ধরনের ক্যান্সার, হার্ট অপারেশন, কিডনী ড্যামেজ, প্যারালাইসিস, এসিড দগ্ধ, মেরুদেন্ডের অপারেশন, সদস্যর স্বামীর দূর্ঘটনা জনিত চিকিৎসা সহায়তাসহ সদস্য/স্বামী মারা গেলে ঋণ মওকুফ ও জমাকৃত টাকা দ্বিগুণ ফেরত, সৎকারের জন্য এককালীন ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়। জেলার ১৫টি ব্রাঞ্চে প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ১৫টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে ৬,৭৫০ জন শিক্ষার্থীকে নিয়মিত পাঠদান করা হচ্ছে। রাজারহাট উপজেলায় নতুন করে স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে যা ০১ জানুয়ারি ২০২৪ থেকে স্বল্প পরিসরে সেবা কার্যক্রম চলমান আছে। এছাড়াও, সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২২ | এএফএডি, কুড়িগ্রাম | এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬টি প্রকল্প চলমান। যথা: ১. Resilience Strengthening of Vulnerable Populations in Northern, Western and Eastern Bangladesh Through a Network Approach of 5 partner Organisations ২. Empowering Vulnerable Women in kurigram, ৩. Towards Greater Effectiveness and Timeliness in Humanitarian Emergency Response, ৪. Empower II, ৫. Improved Quality of Life for Women/Girls and Person with Disability in Kurigram District, Bangladesh through Poverty Alleviation and Mainstreaming (AC-6) এবং ৬. SOCCHAR এই ৬টি প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকা হতে দরিদ্র নারী প্রধান পরিবার, কিশোরি, গর্ভবতী নারী, দুগ্ধ প্রদানকারী নারী, পরিত্যক্তা ও প্রতিবন্ধী ব্যক্তি এবং কমিউনিটি ব্যক্তিদের মাঝে **বিভিন্ন** কার্যক্রম পরিচালনা করে আসছে। |
| ২৩ | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) দীর্ঘদিন যাবৎ অত্র জেলায় বিভিন্ন উপজেলায় দুর্যোগ ঝুঁকিহ্রাস ব্যবস্থাপনা, জরুরি ত্রাণ ও পুর্নবাসন ও জীবনমান উন্নয়নে প্রশাসনের সহযোগিতায় কাজ করে যাচ্ছে। গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) বর্তমানে কুড়িগ্রাম, রংপুর, গাইবান্ধা ও জামালপুর জেলার বিভিন্ন উপজেলায়, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ঝুঁকিহ্রাস, ত্রাণসহায়তা, পুর্নবাসন, জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে টেকসই সমাজ উন্নয়ন, স্বাস্থ্য ও পুষ্টি, পানি ও পয়ঃ নিস্কাশন, রমজানে খাদ্য বিতরণ, আকিকা মাংস বিতরণ, উন্নতজাতের ছাগল, গরু ও মুরগী বিতরণ এবং কোরবানীতে মাংস বিতরণ, শীতবস্ত্র বিতরণ, শিক্ষা, কৃষি, এ্যাডভোকেসিসহ বিভিন্ন কর্মসূচি সরকারি নিয়মনীতি ও কোর হিউম্যানিটারিয়ান স্ট্যান্ডার্ড অনুযায়ী সুনামের সাথে বাস্তবায়ন করে আসছে। এছাড়াও সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। |

চলমান পাতা-০৫

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ২৪ | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন করেন। (১) Gender Transformative Climate Resilient Microfinance project, (২) Shipting the Power to Grassroots Communities through Strengthening farmar Ied CSOs and improving their engagement in the sustainable develo process (SWABOL) Project বর্ণিত সংস্থার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামুখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। |
| ২৫ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মরিয়ম চক্ষু হাসপাতালের লক্ষ্য বঞ্চিত, অবহেলিত, হত দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণ সাধন করা। বর্ণিত সংস্থাটি ০৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল কর্তৃক আগস্ট, ২০২৫ মাসে ১০,৯৯৭ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৬৬৭ জনের চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করা হয়েছে। ২,৮২৮ জনের চশমার জন্য চোখের পরীক্ষা, ৪৪০ জনকে ফ্রি চশমা বিতরণ করা হয়েছে। ২৫ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ৯১ জন গর্ভবতী মায়ের চেক-আপ, ১১৯ জন মায়ের নিরাপদ প্রসব সম্পন্ন করা হয়েছে। ০৫ জন গর্ভবতী মাকে টিটি টিকা ও ৬৭ জন শিশুকে ইপিআই টিকা প্রদান এবং ১১৮ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। তিনি আরও জানান এ জেলায় প্রতি বছর ৫,০০০ জন দরিদ্র ও হতদরিদ্র ছানী রোগীদের লেন্সসহ ছানী অপারেশন করা হয়। ভ্রাম্যমাণ চক্ষু শিবিরের মাধ্যমে কুড়িগ্রাম জেলা সকল উপজেলার প্রত্যেকটি ইউনিয়নে বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজন করা হয়। এক্ষেত্রে প্রত্যেক ছানী রোগীর ৫০% (৮০০ টাকায়) এবং বাকি ৫০% বিনামূল্যে লেন্সসহ ছানী অপারেশনের ব্যবস্থা করা হয়। |
| ২৬ | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রাম | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলার রৌমারী উপজেলায় ১. জলবায়ু পরিবর্তন কর্মসূচি ও ২. বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট ফুড সিস্টেমস ইন বাংলাদেশ (বিসিএফএস) নামে ২টি কর্মসূচি চলমান। জলবায়ু পরিবর্তন কর্মসূচির আওতায় চরের কৃষকদের নিকট প্রযুক্তি হস্তান্তর করা হবে। বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট ফুড সিস্টেমস ইন বাংলাদেশ (বিসিএফএস) কর্মসূচির মাধ্যমে গ্রীন স্কিলসের আওতায় ১০ জনের কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে। এছাড়াও কর্মসূচি ২টির আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান। |
| ২৭ | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের প্রতিনিধি টিআইবি এরিয়া কোর্ডিনেটর সভায় জানান, কুড়িগ্রাম সদর উপজেলায় ৫ বছর মেয়াদী Participatory Action against Corruption: Towards Transparency and Accountability (PACTA) প্রকল্পের কাজ চলমান রয়েছে। এমাসে যার অগ্রগতি ৫৮%। কাঠালবাড়ি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাগ্রহীতাদের নিয়ে একটি কমিউনিটি এ্যাকশন সভা করা হয়েছে। |
| ২৮ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্ফ-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। তন্মধ্যে (১) সিএলএ ও ফেডারেশন এর টেকসই পরিকল্পনা নিয়ে ২০ জন সদস্যকে নিয়ে ১ টি প্রশিক্ষণ প্রদান (২) ১২ টি দলে ৩৬০ জন সিএলএ দলের সদস্যদের নিয়ে অডিট ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান, (৩) মানবাধিকার বিষয়ে ২০ জন সদস্য নিয়ে ১ টি প্রশিক্ষণ প্রদান, (৪) ১৩ টি দলে ২৯৪ জন কিশোর-কিশোরীর সাথে বয়ঃসন্ধিকাল বিষয়ে উঠান বৈঠক করা হয়। |
| ২৯ | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় সকল প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মৌসুম ভিত্তিক ফসল, কৃষিজ পণ্য উৎপাদন, গবাদী পশু পালন ও বাজারজাতকরণ ঋণ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীদের পুর্ণবাসন ও আয়মূলক কার্যক্রমের জন্য অনুদান, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান এবং ছাগল পালন করার কার্যক্রম চলমান। দরিদ্র রোগীদের বিনামূল্যে উন্নত চিকিৎসা প্রদান করাসহ দরিদ্র বেকার যুবকদের স্ব-কর্মসংস্থান ও মজুরী ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও দরিদ্র কৃষকদের মাঝে উন্নতমানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। এ যাবত কুড়িগ্রাম জেলায় ঋণ বিতরণ (ক্রমপুঞ্জীভূত) ১,৫৯,৯৯৯ জন এবং ঋণ আদায়ের হার (এ পর্যন্ত) ৯৬.২৪ শতাংশ। |
| ৩০ | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান অত্র কুড়িগ্রাম জেলায় গণস্বাস্থ্য অষ্টআশির চর গণস্বাস্থ্য ক্লিনিক, উলিপুর ও নাগেশ্বরী উপজেলায় গণস্বাস্থ্য উপকেন্দ্রে নিয়মিতভাবে মাসিক স্বাস্থ্য সেবা পরিচালিত করে আসছে। গাইবান্ধা গণস্বাস্থ্যে মার্চ মাসে ৫১০ জনকে ক্লিনিকে/ক্যাম্পে সেবা প্রদান, ৭৫ জন গর্ভবতী সেবা, ৫০ জন প্রসূতি ও শিশু সেবা, ০৯ জন স্বাভাবিক ডেলিভারি, ৫০ জন বয়স্ক সেবা, গর্ভবতী ক্যাম্প ২০ জন, স্বাস্থ্য ক্যাম্প ১ টিতে মোট ৭৩০ জন উপকারভোগী সদস্যের মাঝে সেবা প্রদান করা হয়। |

চলমান পাতা-০৬

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ৩১ | সন্ধান, কুড়িগ্রাম | সন্ধান, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান  মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নাধীন ভিডব্লিউবি কর্মসূচীর বাস্তবায়ন করার মাধ্যমে উপকারভোগী মহিলাদের জীবন দক্ষতা উন্নয়ন,, আয়বর্ধক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, ভবিষৎ পুঁজি সৃষ্টির লক্ষ্যে মাসিক সঞ্চয় সংগ্রহ এবং তাদের নিজেদের নামের ব্যাংক হিসাব নম্বরে জমা করা।  তাছাড়া বাল্য বিবাহ, নারী নির্যাতন, বহু বিবাহ এর কুফল সম্পর্কে উঠান বৈঠকে আলোচনা করার মধ্যে দিয়ে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে ও আইনি সহায়তা প্রদান করা হচ্ছে। |
| ৩২ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) অগ্রযাত্রা, ২) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৩) এনআরকে টেলিথন-চাইল্ড নট ব্রাইড (CNB) প্রজেক্ট, ০৪) থ্রাইভিং থ্রু ইকুইটি, ইকোনমিক ইমপাওয়ারমেন্ট এবং ক্লাইমেট  রেজিলিয়েনস (THRIVE) প্রজেক্ট, ৫) কমিউনিটি বেজড রেজিলিয়েন্স, ওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন (CREA) প্রজেক্ট, ০৬) এডুকেশনাল প্রোসপেক্টস ফর চিলড্রেন ফ্রোম মারজিনালাইজড গ্রুপস-কোয়ালিটি এডুকেশন, সেফ স্কুলস, একটিভ সিভিল সোসাইটি (SATIRTHO),০৭) রিডিউসিং ভারনারেবল ইমপ্রুভিং লাইভলিহুড এন্ড ডিজেস্টার প্রিপারেডনেস অব দ্য মোষ্ট এট রিষ্ক কমিউনিটিস ইন ফ্লাড প্রোন বাংলাদেশ প্রকল্প । অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের মাধ্যমে সেপ্টেম্বর ২০২৫ইং মাসে উলিপুর উপজেলায় ১০ টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামতের কাজ যেমনঃ দরজা, জানালা, ওয়াসরুম মেরামত করা হয়েছে এবং ১০ টি বিদ্যালয়ের ১৪০০ জন শিশুর জন্য ৮টি হেলথ ক্যাম্প পরিচালনা করা হয়েছে। কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়েনে পারিবারিক নির্যাতনের স্বীকার ১ জন নারীকে চিকিৎসা সহায়তা ২,৮০০/-টাকা প্রদান করা হয়েছে। এবং নাগেশ্বরী উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধে যুব সংগঠনের মাধ্যমে স্থানীয় পর্যায়ে ক্যাম্পেইন পরিচালনা করার জন্য ১৫টি সংগঠনকে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে মোট ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও প্রকল্পের সচেতনতামুলক সেশনসমুহ চলমান রয়েছে। |

২৫/০৯/২০২৫

(প্রিতম কুন্ডু)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি,
কুড়িগ্রাম

.............................................................
...................................................., কুড়িগ্রাম